



- ৪।
- ক) সৌরজগতের সবচেয়ে বড় গ্রহ কোনটি?
 খ) গ্রহতুপুঞ্জ বলতে কী বোঝায়?
 গ) চিত্রে 'খ' চিহ্নিত গ্রহটির বৈশিষ্ট্য ব্যাখ্যা কর।
 ঘ) চিত্রের 'গ' চিহ্নিত গ্রহটিই একমাত্র জীবের বসবাসের উপযোগী-উক্তিটি যুক্তিসহকারে বিশ্লেষণ কর।
- ৫।
- দৃশ্যকল্প-১ : মাইশা ও মাহির এক বিকেলে নদীর পাড়ে বেড়াতে যায়। সেখানে তারা প্রচণ্ড গরম অনুভব করে এবং যেমে যায়। একটু পরেই ঈশান কোণ ঘন কালো মেঘে ছেয়ে যায় এবং শীতল বায়ু প্রবাহিত হয়।
- দৃশ্যকল্প-২ : লিমা একজন বিদেশি কোম্পানির প্রধান কর্মকর্তা। একদিন দুপুরে অফিসের জরুরি একটি বিষয়ে আলোচনা চলাকালীন তিনি লক্ষ করলেন তার গুরো ভবনটি কাঁপছে এবং আসবাবপত্রগুলোও নড়াচড়া করছে। তিনি ভয়ে চিৎকার করে উঠলেন এবং সিঁড়ির দিকে ছুটতে থাকলেন।
- ক) টেকটনিক প্লেট কী?
 খ) জলবিদ্যুৎ উৎপাদনের সুবিধা কী?
 গ) মাইশা ও মাহিরের ঘটনাটি কোন ঋতুকে নির্দেশ করে? ব্যাখ্যা কর।
 ঘ) লিমা যে দুর্ঘটনোগে পড়েছে তা চিহ্নিত করে ঐ সময়ে তার আচরণ কতটুকু যৌক্তিক-মূল্যায়ন কর।

- ৬। জনাব 'ক' জাতীয় সংসদ নির্বাচনে জনগণের ভোটে নির্বাচিত হয়েছিলেন। রাষ্ট্র পরিচালনায় তিনি মুখ্য ভূমিকা পালন করেন। পক্ষান্তরে তার দেশের মনোনীত প্রার্থী হিসেবে জনাব 'খ' রাষ্ট্রের গুরুত্বপূর্ণ পদে বহাল আছেন। জনাব 'ক' আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত ব্যক্তির শাস্তি মওকুফ না করতে পারলেও জনাব 'খ' তা পারেন।
- ক) শাসনব্যবস্থার মায়ুকেন্দ্র কী?
 খ) 'ব্যক্তিব্যবস্থার রক্ষাকবচ' বলতে কী বোঝায়?
 গ) উদ্দীপকে উল্লিখিত জনাব 'ক' এর কাজের সাথে সম্পৃক্ত শাসন বিভাগের কোন পদমর্যাদার ব্যক্তির সাদৃশ্য আছে? ব্যাখ্যা কর।
 ঘ) জনাব 'ক' নন জনাব 'খ' ই সংবিধান অনুযায়ী রাষ্ট্রের প্রধান। বিশ্লেষণ কর।

- ৭।
- দৃশ্যকল্প-১ : জনাব হোসেন সদ্য পদোন্নতি পেয়ে যুগ্ম সচিব হয়েছেন। এতদিন তিনি বাংলাদেশের প্রশাসনিক কাঠামোর একটি স্তরের কোনো একটি ইউনিটে প্রধানের দায়িত্বে নিয়োজিত ছিলেন। তিনি এলাকার ভূমি রাজস্ব আদায়ের পাশাপাশি স্থানীয় ইউনিয়ন ও উপজেলা পরিষদের কর্মকাণ্ডও দেখভাল করতেন।
- দৃশ্যকল্প-২ : কুমিল্লার বরুড়া উপজেলায় ১৫টি ইউনিয়ন এবং একটি পৌরসভা রয়েছে। অন্যান্য উপজেলা পরিষদের মতো এ উপজেলা পরিষদটিও কিছুসংখ্যক নির্বাচিত ও পদাধিকারবলে মনোনীত সদস্য নিয়ে গড়ে উঠেছে।
- ক) বিচার বিভাগ কাকে বলে?
 খ) অভিগৃহণ বলতে কী বোঝায়?
 গ) দৃশ্যকল্প-২ এর বরুড়া উপজেলা পরিষদের গঠন ব্যাখ্যা কর।
 ঘ) "জনাব হোসেনের কাজের পরিধি ছিল ব্যাপক" - ভূমি এ বক্তব্যের সাথে একমত? মতামতের সপক্ষে যুক্তি দাও।

- ৮।
- হাসান উচ্চশিক্ষা গ্রহণের জন্য 'ক' দেশে গিয়ে দেখে সে দেশের মোট জাতীয় আয় ২৩০৯.৩ বিলিয়ন ডলার। তাদের জনসংখ্যা ৬৪ বিলিয়ন। তার বন্ধু কামাল 'খ' দেশে পড়তে গিয়েছে। সে দেশের মোট জাতীয় আয় ১৮৮.৪ বিলিয়ন ডলার। তাদের জনসংখ্যা ১৫৮ বিলিয়ন।
- ক) বাণিজ্যের কয়টি দিক রয়েছে?
 খ) বেকারত্ব হ্রাস বলতে কী বোঝায়?
 গ) 'ক' দেশটি কোন ধরনের আয়ের দেশের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর।
 ঘ) 'খ' দেশকে 'ক' দেশের মতো আয়ের দেশ হতে হলে শিক্ষার প্রসারের বিকল্প নেই।" উক্তিটি বিশ্লেষণ কর।